

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৭৬.২০১৫-২৪৩৪

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : স্থানীয় সরকার বিভাগের ২৭ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখা-এর স্মারক নং-৪৬.০০.০০০.০৮.০১৬.০৫৮.১৫-
৩২৫/১(৭); তারিখ : ০১ নভেম্বর, ২০১৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর অনুচ্ছেদের (৩) ও (৫) এ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- (৩) যে সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাইন বোর্ডে বিভিন্ন কোম্পানী বা এনজিওর লোগো ব্যবহার করা হচ্ছে তা অপসারণ করার জন্য পত্র দিতে হবে।
- (৫) বিভিন্ন অনুষ্ঠানের দাওয়াত কার্ডে পলিথিনের লেমেনিটিং ব্যবহার বন্ধ করার জন্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে পত্র দিতে হবে।

২। এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত (৩) ও (৫) অনুযায়ী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে তার জেলার সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

J. Amin

(ড. জুলিয়া মর্সন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক (সকল)

----- জেলা।

অনুলিপি :

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।